Bangladesh Moktijoddha Shangsad Australia Inc .
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ অষ্ট্রেলিয়া
9.Mulga Place Macquarie Fields NSW 2564 Australia.phone ০২-৯৮২৯৬৫২৮,৯৮৯৭২৩৪৫

# অবিলম্বে যুদ্ধাপরাধিদের গ্রেপ্তার করুন ।

ইতিহাসের পাতায় পাতায় যাদের নাম বার বার উচ্চারিত হয়েছে সে সব যুদ্ধাপরাধিদের অবিলম্বে গ্রেপ্তার করে কঠোর নিরাপত্তাধীনে না নিলে ওরা দেশের যে কোন অঘটন ঘটিয়ে সার্বভৌমত্বতায় আঘাত হানতে পারে ,বিচার প্রক্রিয়াকে হুমকির মুখে রেখে শহীদের আত্মাকে ন্যায় বিচারে খুশী করা ও সম্ভব না । তাই সুনির্দিষ্ট অভিযোগে অভিযুক্ত শীর্ষ ২৫ জনকে সরকারি হেফাজতে আবদ্ধ করতে হবে । শীর্ষ অপরাধিদের একজন গোলাম আযম এতদিন নীরব থাকলেও আবার গোপন ষড়যন্ত্রে মিলিত হয়ে দেশকে অস্থিশীলতার পথে নিতে বিদেশী অর্থে ধংসাত্বক কর্মে এগিয়ে আসছে ।

বারবার ষড়যন্ত্র করে বিফল হওয়া এসব দেশ শত্রুদের কখনো কোন দেশ প্রেমের নজীর নেই ছিলওনা । বিদেশী জাকাত ফেতরার টাকায় ধর্মের আড়ালে এরা জঙ্গী পালন করে নিজেদের সার্থ উদ্ধারের মাধ্যমে রাষ্ট্রক্ষমতা দখল করার ষড়যন্ত্রে লিপ্ত । আমরা এসব দেশীয় পরিচয়ে ধর্মের আড়ালে লুকিয়ে থাকা বিদেশী চরদের চুড়ান্ত শাস্তি জাবি করছি ।

এছাড়াও অতিত ও বর্তমানে যারা জাতিয় শত্রুদের রক্ষার আড়ালে বসে দেশের মানুষকে বিভক্তী করার চেষ্টা করছেন তারা একবার ভেবে দেখুন ৩০লক্ষ শহীদের আত্মা আর সাড়ে চার লক্ষ ধর্ষিতা মা-বোনের ত্যাগ বড় ! নাকি অপরাধিদের রক্ষা করার চেষ্টা বড় !আসুন ৭১‘র চেতনায় আমরা এক হয়ে ভন্ড ও মানবতার বিরুদ্ধে অপরাধিদের বিচারে ঐক্যবদ্ধ হই ।

হারুন রশীদ আজাদ
সাধারন সম্পাদক

মিজানুর রহমান তরুন
সভাপতি